



স্মারক নং/নোবিপ্রবি/টিএইচএম-এমবিএ/২৫/০১/০১০০৩

তারিখ: ১৮/০৩/২০২৫ ইং

এমবিএ ২০২৩-২৪ শিক্ষাবর্ষে ভর্তি বিজ্ঞপ্তি

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগে ২০২৩-২৪ শিক্ষাবর্ষে স্নাতকোত্তর / MBA (Master of Business Administration in Tourism and Hospitality Management) এর নিয়মিত প্রোগ্রাম এ ভর্তির জন্য দরখাস্ত আহবান করা যাচ্ছে। ভর্তি ইচ্ছুক ছাত্র-ছাত্রীরা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nstu.edu.bd) অথবা বিভাগীয় অফিস হতে আগামী ১৯ মার্চ ২০২৫ থেকে ১৫ এপ্রিল ২০২৫ তারিখের মধ্যে আবেদন ফরম সংগ্রহ ও জমা দিতে পারবেন (বশরীরে অথবা ডাকযোগে)। আবেদন ফরমের মূল্য (অফেরতযোগ্য) অভ্যন্তরীণ প্রার্থীর জন্য ১০০০/- (এক হাজার) ও বহিঃস্থ প্রার্থীদের ক্ষেত্রে ৩০০০/- (তিন হাজার) টাকা হিসাবের নাম - ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগ আয় হিসাব, হিসাব নম্বর - ০২০০০১২০৯২২১২, অগ্রগী ব্যাংক লি: নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শাখার জমা প্রদান পূর্বক জমাদানের মূল রশিদ আবেদনের সাথে সংযুক্ত করে বিভাগীয় অফিসে জমা দিতে হবে।

ভিক্ষীর নাম: এমবিএ (মাস্টার্স অব বিজনেস এডমিনিস্ট্রেশন ইন ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট)।

ভিক্ষী সময়কাল: তিন সেমিস্টার।

ক্রেন্ডিট ঘণ্টা: ৪০ (তাত্ত্বিক, প্রায়োগিক ও নিবন্ধ সহ)

আবেদনের যোগ্যতা:

১। প্রার্থীকে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় অথবা অন্য যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ইনস্টিটিউট (গ্রাইভেট ও পাবলিক) থেকে ৪ বছর মেয়াদী বিবিএ ভিক্ষীধারী হতে হবে।

২। অভ্যন্তরীণ প্রার্থীর ক্ষেত্রে বিবিএ পর্যায়ে সিজিপিএ কমপক্ষে ২.২৫ থাকতে হবে, বহিঃস্থ প্রার্থীর ক্ষেত্রে বিবিএ পর্যায়ে সিজিপিএ ২.৭৫ থাকতে হবে।

৩। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত ভর্তি ও আনুষ্ঠানিক ফি প্রদান করতে হবে। (বি : ট্র: নিয়মিত ছাত্র-ছাত্রীর সমান ফি বহিঃস্থ প্রার্থীদের জন্য প্রযোজ্য হবে)।

৪। ভর্তি সংক্রান্ত যে কোন বিষয়ে ভর্তি কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

আবেদন পত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করতে হবে :

১। শিক্ষাগত যোগ্যতার সকল পরীক্ষার ট্রান্সক্রিপ্ট, মার্কশীট এবং স্যাটিফিকেট এর সত্যায়িত কপি।

২। সর্বশেষ শিক্ষাপ্রতিষ্ঠান প্রধান/বিভাগীয় প্রধান কর্তৃক প্রত্যয়নপত্র।

৩। ২(দুই)কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত সাম্প্রতিক ছবি।

৪। আবেদনের সাথে ব্যাংক টাকা জমাদানের মূল রশিদ সংযুক্ত করতে হবে।

৫। চাকুরিরত প্রার্থীকে নিজ নিজ নিয়োগকর্তার নিকট হতে অধ্যয়নকালীন ক্রাশে যোগদান ও শিক্ষা কার্যক্রম যথারীতি সম্পাদনের জন্য কমপক্ষে ১ (এক) বছর ৪ (চার) মাসের ছুটি প্রদান করা হবে এই মর্মে অনাপত্তিপত্র (NOC)/ প্রত্যয়নপত্র/অফিস আদেশ সংযোজন করতে হবে।


৬। ডাকযোগে প্রেরণের ঠিকানা- চেয়ারম্যান, টিএইচএম বিভাগ, নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

ভর্তি পরীক্ষার মানবন্টন ও সময় সূচি: (বহিঃস্থ প্রার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য)

১। লিখিত ও মৌখিক।

২। লিখিত পরীক্ষার বিষয়বস্তু : ইংরেজি - ২০ নম্বর, ব্যবসায় শিক্ষা- নীতি ও প্রয়োগ - ৩০, মানসিক দক্ষতা ১০, মৌখিক - ৪০। সর্বমোট - ১০০ নম্বর।

৩। ভর্তি পরীক্ষার তারিখ- ১৭-০৪-২০২৫ ইং


18.03.2025

মো: নাজমুল হুদা

চেয়ারম্যান, ২০২৩-২৪ (এমবিএ) শিক্ষাবর্ষের ভর্তি কমিটি ও

বিভাগীয় প্রধান, ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগ

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

নোয়াখালী-৩৮১৪।

অনুলিপি :

১। ডীন, ব্যবসায় প্রশাসন অনুষদ, নোবিপ্রবি।

২। রেজিস্ট্রার, নোবিপ্রবি।

৩। হিসাব পরিচালক, নোবিপ্রবি।

৪। পরিচালক (ভারপ্রাপ্ত), জসসংযোগ ও প্রকাশনা দপ্তর, নোবিপ্রবি।

৫। পরিচালক, সাইবার সেন্টার, নোবিপ্রবি। (বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)

৬। উপাচার্য মহোদয়ের একান্ত সচিব, নোবিপ্রবি।

৭। জনসংযোগ কর্মকর্তা, নোবিপ্রবি।

৮। বিভাগীয় নোটিশ বোর্ড।